

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.১৩.১১২.১৯-৫২৭৪/২

তারিখ : ১২/০৩/২০১৯

বিষয় : স্বেচ্ছায় অবসর গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সরকারি নজরুল কলেজ, সাতপাড়, গোপালগঞ্জ-এর প্রাক্তন দক্ষ বেয়ারার, জনাব হরিচাঁদ মন্ডল অসুস্থজনিত কারণে বিগত ০১/০২/২০১৯ তারিখ স্বেচ্ছায় অবসর গ্রহণ করেন। কিন্তু অবসরের নির্ধারিত ফরম পূরণসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ করা হয়নি। এমতাবস্থায়, বর্ণিত কর্মচারীর স্বেচ্ছায় অবসর গ্রহণের লক্ষ্যে নিম্নোক্ত কাগজপত্র প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- (১) স্বব্যখ্যাসহ আবেদন।
- (২) স্থানীয় হিসাবরক্ষণ অফিস কর্তৃক নির্ধারিত ফরমে ইএলপিসি (পাওনার কথা স্পষ্ট উল্লেখ থাকতে হবে)
- (৩) ১ম নিয়োগ ও যোগদানপত্র।
- (৪) তাঁর চাকুরীকাল সন্তোষজনক ছিল কিনা, বিভাগীয়/ফৌজদারী মামলা আছে কিনা, চাকুরীকালীন সময়ে তার বিরুদ্ধে বেতন নির্ধারণ ও আর্থিক অনিয়ম সংক্রান্ত কোন অডিট আপত্তি আছে কিনা (সরকারি বাসায় বসবাস করলে বাসা হস্তান্তরের কপি এবং কর্তৃপক্ষের চূড়ান্ত না-দাবীপত্র) এ মর্মে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র (একই কাগজে)।
- (৫) প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত এসএসসি/সমমান সনদের ফটোকপি।
- (৬) সরাসরি নিয়োগ হলে চাকুরি স্থায়ীকরণ এবং আত্মীকৃত হলে আত্মীকরণ, নিয়মিতকরণ ও চাকুরি স্থায়ীকরণের আদেশের কপি।
- (৭) মূল চাকুরীবহিসহ এক প্রস্থ সত্যায়িত ফটোকপি।
- (৮) চাকুরীর ধারাবাহিকতা ছিল কিনা, বিনা বেতনে ছুটি ভোগ করেছেন কিনা এবং জাতীয়করণকালে কোন প্রকার পেনশন/খাচুইটি গ্রহণ করেছেন কিনা ইত্যাদি উল্লেখপূর্বক বেসরকারী চাকুরীর প্রত্যয়নপত্র।
- (৯) ৫০% ইফেকটিভ সার্ভিস গণনার সমর্থনে প্রমাণপত্র।



(মুহাম্মদ জাকির হোসেন)
সহকারী পরিচালক (সাঃ প্রঃ)
ফোন-৯৫৫৬৪৩২

অধ্যক্ষ
সরকারি নজরুল কলেজ
সাতপাড়, গোপালগঞ্জ

বিতরণ:

- ০১। জনাব হরিচাঁদ মন্ডল, প্রাক্তন দক্ষ বেয়ারার, সরকারি নজরুল কলেজ, সাতপাড়, গোপালগঞ্জ
- ০২। সংরক্ষণ নথি